গত চার মাসের কার্যকিলাপ দেখে ভবিষ্যতের কর্মস্চী কি হবে, আরও খাদ্যশস্য বাড়ানোর জন্য আমাদের কিভাবে কাজ করতে হবে, সেইভাবে আজ এখানে আলোচনা হওরা একাস্ত প্রয়োজন ছিল।

মহকুমা হাকিমকে ঘেরাও করে, দ্বভিক্ষ প্রতিরোধ কমিটির সর্বত্র বন্ধৃতার, মান্বকে উৎখাত করবার জন্য প্রতি ঘরে ঘরে এসে,—তার পরিপ্রেক্ষিতে কি খাদ্য-সমস্যা সমাধান হবে? দ্বভিক্ষ-প্রতিরোধ কমিটি বিদি প্রতি গ্রামে গ্রামে করে দ্বভিক্ষ রোধ করা যার, ভালই। কিল্তু খাদ্য উৎপাদন ছেড়ে দিরে, চিষবাস ছেড়ে দিরে, কেবল গ্রামে গ্রামে দ্বভিক্ষ প্রতিরোধ কমিটি স্বিটি করেলই কি দেশে দ্বভিক্ষ কর্ম হরে বাবে? আমার মনে হর গ্রামে গ্রামে গ্রামে দ্বভিক্ষর নামে, অনাস্থিত প্রচার কার্বের মাধ্যমে মান্বের দ্বভাগ্য স্থিত করে মান্ব্রের চরম দ্বরক্ষা নিরে বারা খেলা করেন, সেটা বিদি কর্ম করা যার, তাহলে দ্বভিক্ষ প্রতিরোধ কর্ম হরে বাবে। গ্রামের লোককে দ্বর্ঘাণে ফেলে, ১০।১২ মাইল রাস্তা হাটিরে এনে, মহকুমা হাকিমকে ঘেরাও করে খাদ্য কখনও পাওরা বার না। দ্বভিক্ষ প্রতিরোধ কমিটির নেতৃত্বে খাদ্য আমদানী হয় না। আজকে পশ্চমবাংলার সমস্ত জনসাধারণ এই হাউসের মাধ্যমে তারা এই কথা বলতে চার——

Mr. Speaker: I heard interruptions from this end. I am drawing the attention of the honourable members that today I will not allow any interruptions.

Sj. Hemanta Kumar Ghosal:

আমরা শ্নতে পাচ্ছি না, যাতে শ্নতে পাই তার ব্যবস্থা কর্ন।

Mr. Speaker: I have got to maintain order in this House-you forget it.

8j. Hansadhwaj Dhara:

আমরা গ্রামে গ্রামে রিলিফএর কাজ করি। ওধারে যারা খাদ্য-সমস্যা নিয়ে বিশেষ চিন্তিত হয়ে পড়েছেন, তাদের কাছে আমার অনুরোধ গ্রামে গ্রামে কিন্তাবে খাদ্য-শস্য বন্টন করা বায় তার প্রতি নজর দিন। ওধারের একজন মেম্বার আমার কথা শ্নতে পাচ্ছেন না, বলে আপত্তি করেছেন। হাসনাবাদ অঞ্চলের গরীব চাষীদের ১০ ৷১২ ৷১৫ মাইল রাস্তা হাটিয়ে এবং ঐ স্থানের চাল যাতে পাকিস্তানে চলে যেতে না পারে, তার বাবস্থা না করে কিন্ডাবে মানুষকে দঃখকতে ফেলা যায় তার বাবস্থাই করা হয়েছে। বসিরহাটের অবস্থাও দেখেছি সেখানেও এইরকম তারা করেছেন। আজকে সেইজন্য খাদ্য-সমস্যাকে, একটা জাতির সমস্যা হিসাবে উপলব্দি করা উচিত, এবং সেই পরিপ্রেক্ষিতে উপলব্দি করে, দুর্গত অবস্থা কি করে পার হতে পারি সেই চিন্তা আমাদের একান্ত প্রয়োজন। আজকে আমরা একান্ডভাবে নিরাশ হয়েছি-অপোজিসন পার্টির যিনি নেতা, তিনি বলেছেন 'আমাদের স্লোগান হবে একমার, কি করে দেশের একটি লোকও না মরে'। এই কথা প্রচার করা গ্রামের মধ্যে এটা তাঁদের দায়িছা। আর আমরা বলছি--আমাদের দায়িত্ব হবে, পরম কর্তবা একমাত্র কর্মসূচী হবে যাতে পশ্চিম বাংলার একটি লোকও না খেতে পেয়ে মরে। এখানে তর্ক-বিতর্কের অবতারণার প্রয়োজন নেই। খাদামন্ত্রীমহাশয় যে-সমুহত তথা উপস্থিত করেছেন তাঁর অঞ্কশান্দের ধারায় নানারকম क्रिकेटा शाक्टलेख, वना स्पट्ट भारत यात्रा शास्त्र स्वारतन, जात्रा क्वारनन भूर्ट्य स्थारन ४।५० মণ ধান হ'ত বর্তমানে সেখানে ২ মণও ধান ফলছে না। এই সমস্ত কারণে খাদা ঘার্টাত <u> इरार्क्क रत्र विषया कान मर्ल्फ्ट नाठे। क्वार्किबाद, वर्ल्क्टन कार्टेफ भारतमधे । दशस्त्रिक</u> इत्यक ।

[10-10-10-20 a.m.]

ফাইভ পারসেন্ট মাত্র ওয়েন্টেছ ধরা হয় আজকে টেন পারসেন্ট ওয়েন্টেজ ধরে ডেফিসিট আয়ো
বাড়িয়ে তোলা হয়েছে। যতাঁনবাব্ কলকাতা সহরে থাকেন ধান কিভাবে হয় এবং ফলন
কিভাবে হয় এবং তার ওয়েন্টেজ কিভাবে ধরতে হয়, এ পবর যদি তিনি জানতেন, তবে এ-কথা
তিনি বলতেন না। অনাব্ভির ফলে যে বারে ধান ফলতে পারে না, কিন্তু চিটে বলে একটা
জিনিস আছে-সে-কথা হয়ত যতাঁনবাব্ জানেন না। ধান ফলেছে কিন্তু তাতে চালা নেই,
সেইজনা ওতে ওয়েন্টেট অনেক বেশা হবেই। একথা তাঁর একান্টভাবে জানা দরকার হবে।
১২ লক্ষ টন খাদ্য ঘাটতি হবে একথা আমাদের বলা হয়েছে -তাতে আময়া মোটামন্টি দেখতে
পারি এবং যাতে মান্য ব্রুতে পারে যে ১২ মাসের মধ্যে ৩ মাসের খাদ্য ঘাটতি হবে। এই
৩ মাস চলবে কিভাবে, কি পন্ধতিতে আজকে আমাদের দেশের মান্যকে অভিক্রম করে নিয়ে
যেতে পারব, এই অবন্ধা থেকে, সেই কথাই আজ আমাদের একান্ডভাবে চিন্তা করতে হবে।
আজকে সেইজনা দ্ভিক্ষ প্রতিরোধ কমিটির মাধ্যমে হবে না—আজকে যে-সমন্ত কার্যস্চী
সরকার গ্রহণ করেছেন, তার স্বারা দ্ভিক্ষ প্রতিরোধের জন্য সেই সমন্ত কার্যস্চীতে একান্ডভাবে সহবোগিতা করবার প্রয়েজন হবে।

ছোট ছোট সেচ পরিকশ্পনার কথা জ্যোতিবাব্ বলছিলেন বে, আমাদের দেশে ছোট ছোট সেচ পরিকশ্পনার অথবা পাহাড় পরিমাণ যেসমস্ত সার দেবার বাক্পরা হরেছে—তাতে আমাদের স্বাধীন দেশে এত বছরে কোন উপকার হর নি। আজকে তাঁকে আমি বলি বে, ১৯৪৭ সাল থেকে বদি ৫ বা ১০ বংসরের হিসাব মিলিরে দেখি সেখানে ধান উৎপাদনের বে উপার ছিল তাতে দেখেছি বে, ১৮ থেকে ১৯ লক্ষ টন ধান হ'ত। আর আজকে সেখানে আরবা ছিল তাতে দেখেছি বে, ১৮ থেকে ১৯ লক্ষ টন ধান হ'ত। আর আজকে সেখানে আরবা

দেখছি, যে বংসর বাম্পার রূপ হরেছিল ৪৬ লক্ষ টন, সেকথা যদি ছেডে দিই তা হ'লে এইবারে আমাদের যে সবচেয়ে বেশি ঘাটতি—তাতেও ৩০ লক্ষ টন উৎপন্ন হবে। সেজনা ৯ থেকে ১০ লক্ষ্য টন খাদ্য যে বেশি উৎপন্ন হচ্ছে—এ বিষয়ে কোন সন্দেহ নেই। যাঁরা গ্রামে ঘোরেন. ছোট ছোট সেচ পরিকল্পনার মাধ্যমে, এক উপকার হয়েছে—আজকে সার দেবার ফলে কতট্টকু छेश्भामन त्राएए , अकथा महराइ र का बात। अशान वहुला प्रवात श्रासा मृथ् कथा তৈরি ক'রে বললেই কোন ফল হবে না। এবং সে কথা শুধু এখানে বলা যাবে কিন্তু প্রামের মধ্যে, মানুষের মধ্যে সেগালি প্রমাণ করা খুব শক্ত হবে। সেইজন্য কিভাবে বাস্তবকে সামনে द्वार्थ সমহত वावस्था कहा याग्र ठाव कना ज्ञेकन ठथा क्रमा उग्राद राजाद राजाद राजाह তাতে আরও কি করে উন্নততর ব্যবস্থা সংযোজিত করা যায় সেটাই আলোচ্য বিষয় এই হাউসএ হওয়া একান্ত প্রয়োজন। ৩ মাসের খাদোর ঘার্টাততে আমরা দেখতে পাচ্ছি আমন ধান ৩০ লক্ষ টন হয়েছে--আউস ধান বেডে ৪ লক্ষ টনের মত আসতে পারে-প্রয়োজন আমাদের ८७ लक हैन। रुक्तीय अवकातर ১২ लक हेरान कथा वला शराहा। यजीनवाद वलाइन--১২ লক্ষ টন খাদ্য আমাদের এখানে কলকাতার মত শহর—সেই শহরের সমস্ত রকম খাদ্যের -वावन्था यीन कम्मीय मतकात शहन करतन, जा हाल आमारमत जरनकरी मूर्विधा हास यार्व। আজ যদি কেন্দ্রীয় সরকার ১২ লক্ষ টনও দেন, তা হ'লে গমজাতীয় জিনিসই বেশি আসবে। তা না হ'লে কেন্দ্রীয় সরকারের পক্ষে সমস্ত চা'ল দেওয়া সম্ভব হচ্ছে না। গতবারেও আমরা দেখোছ যে, ৫ লক্ষ টন গম আমরা পেয়েছিলাম কিন্ত সেই পরিমাণে চাল আমরা অনেক কম পেয়েছি। সবচেরে মূর্শকিল হচ্ছে—এখানে আমরা হিসাব দেখছি—চাল আমাদের দেশে কম হয়েছে। কেন্দ্রীয় সরকার থেকে আমরা গম পাচ্ছি। গম ছাড়া গ্রামের লোককে ফসল দিতে পারছি না। আজকে এই হাউসএর পর আমরা গ্রামে গ্রামে ফিরে গিয়ে যদি বলি--আমরা ভাত-খাওয়া লোক—ভাত-কাপড়ের দেশ বাংলাদেশ, সে ভাতের পরিবর্তে আটা খাইয়ে লোককে মেরে ফেলছে। এই কথা বলে দর্গত অন্ত্রাকে আরও গভীরতর করা হচ্ছে। এবং মান্ত্রকে সূত্র্ব পন্থা না দেহিরে দুর্যোগের পথে আলোকসম্পাত করা হচ্ছে। সেইজন্য ৪ লক্ষ টন গম গত বংসর পেরেছিলাম। অন্যান্য প্রদেশেও খাদ্য ঘাটাত আছে—সেইকথা সকলে স্বীকার করেছেন। প্রধানমূলী তিনি বলেছেন—শ্বাধ্ব বাংলাদেশ নয়, অন্যান্য প্রদেশেও খাদা ঘাটতি হয়েছে। অতএব সেইসব জায়গায় সেসব আগে দিতে হবে। আমাদের এখানে যে খাদা পাব নিশ্চয়ই তার বেশি পরিমাণ গম জাসবে। সেইজনাই গম কিভাবে গ্রামের মান,ষকে দেওয়া যায় এবং তারা কিভাবে বাবহার করতে পারে। সেইজনা আমাদের—

At this stage the member having reached the time limit resumed his seat.]

Sj. Bhim Chandra Mahato:

অধ্যক্ষ মহাশর, আমরা জেলার থাদাসংকট খাদামন্দ্রীকে বহুবার জানিরেছি। আমাদের সাংতাহিক পত্রিকা খাদামন্দ্রীকে দিয়াছি। খাদামন্দ্রীকে তদন্তে যাবার জন্য বহুবার আমন্ত্রণ জানিরেছি। তিনি নিজে ধেতে পারেন নি। তেপুটি খাদামন্দ্রীকে পাঠাবেন বলেছিলেন—
তাও পাঠান তাঁর পক্ষে সম্ভব হয় নি। যে-কোন দেশের ন্বাধীন রান্দ্রের পক্ষে সম্ভব কথা বে দেশে অনাহারে লোকের মৃত্যু ঘটবে। কিন্তু আমাদের জেলাতেই এই বংসর অনাহারে বহুলোক মারা গেছে—তার তালিকা আমি আন্নাদের দিক্ষি।

माघ	গ্রাম	থানা	তারিখ
চক্রধর মাঝি	কণাপাড়া	প ূৰ্ব্বা	২৭-৮-৫৭
বনমালী বাউরী	জিতুজ ্বড়ি	মানবাজার	۵٥-৯-৫۹
সরলা সদারীজ	∼ সাগেজ	মানবাজার	۵0-۵-و۹
কালা মাহাতানীর কন্যা	চেপর্রা	মানবাজার	>>->-69
র্পা গরাঞ্জর প্র	সি'দরী	বরাবাজ্ঞার	>6->0-69
রুপা গরাঞ	B	ð	১৫-১০- ৫৭
कून, शताअ	B	ď	२६-५०-६१

বারা অনাহারের ফলে—অনাহারজনিত রোগে মারা গেছে।

বাহাদ্রে সদার—কনাপাড়া—প্ঞা—গত অক্টোবর যারা রোগের মধ্যে নিদার্থ অনাছারে ও অচিকিংসায় মারা গেছেন—বস্তুত অনাহারেই মারা গেছেন।

নাম	গ্রাম	ধ 'না	তারি খ	
ফ্রকির তাঁতী	জি তুজ ্ডি	মানবাজার	6-20-69	
রাউরী দাস	কাশিডি	মানবাজার	२०-৯-৫৭	

এই সমসত ঘটনাগালি লোকসেবক সংঘের দায়িত্বশীল কমীরা তথা আমরা—এম এল এ-রা এনকোয়ারি করেছি এবং সম্পূর্ণ সতা বলে জেনেছি। গ্রামবাসীরা বা সংবাদ দিরেছিল— অনাহারে মৃত্যু--হরিবোল ভূমিজ—গ্রাম মৃদালী, থানা আড়্যা—তারিশ ৩০-৮-৫৭। অনাহার ও তদজনিত রোগে মারা গেছেন—মৃদালী গ্রামের আড়্যা থানার—গ্রীরাম লারা, ফকির লারা, মিনিরা ভূমিজানী।

তারপর প্র্কৃতিয়া জেলায় একটি প্রধান ফসল হচ্ছে লাক্ষা, কিন্তু সেই লাক্ষারও এ বংসর বীজ একেবারে নাই। সেইজনা এ বংসর সংকট আরও গ্রেত্রভাবে দেখা দেবে। কারণ সরকার থেকেও বীজ এ প্যন্ত পাওয়া যায় নি। সেইজনা আগামী মাঘ-ফাল্গ্রন থেকেই রিলিফ, টেস্ট রিলিফ, কৃষি-ঝণ, থয়রাতি এবং নানান রকম সাহাযোর ব্যবস্থা যদি না করা হয় তা হ'লে আরও লোক মার: যাবে। আমাদের মানভূমের জমি অতান্ত ভাপ্গা জায়গা—সেইজনা সেখানে মাঝে মাঝে বৃণ্টি যদি না হয় তা হ'লে ফসল সব নন্ট হয়ে যায় এবং খাদাশস্যের অভাব দেখা দেয় এবং এই খাদাশস্যের অভাব বদি মেটাতে হয় তা হ'লে ইরিগেশনএর ব্যবস্থা করা দরকার। ইরিগেশন ব্যবস্থা যদি না করা হয়—তা হ'লে আমাদের জেলায় বংসরের পর বংসর এই খাদাশভাব দেখা দেবে। আমি এদিকেও মল্গীমহাশ্যের দৃণ্টি আকর্ষণ করছি।

8j. Ananga Mohan Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে আমরা আজকে একটা গ্রেছপূর্ণ সমস্যা নিয়ে আলোচনা আরমত করেছি। কিন্তু আলোচনা করতে উঠে বিরোধীপক্ষের তরফ থেকে কোন সমস্যার কথা না ব'লে কেবলই খাদামশ্রীকৈ গালাগালি করা হয়েছে। বেশির ভাগ সময়ই যাছর চেয়ে গালাগালির দিকে তাদের দৃথ্টি নিবন্ধ রেখেছেন। তার একমান্ত কারণ হছে রিটিশ শাসনকালে ১৯১২ সালে ২টা জেলায় খাদার অভাব ঘটেছিল—তাতেই লক্ষ্ণ লক্ষ্ণ লোক মারা গিয়েছিল। অথচ গত বংসব ১৯৫৬ সালে যথা ৫টা জেলায় খাদায়ভাব ঘটেছিল তথন লোকসংখ্যার অন্পাতে মৃত্যুর হার নগগগ। ওই বংসর সিরোধীপক্ষ ১০০টি অনাহারে মৃত্যুর ঘটনার কথা বলেন, কিন্তু সেই ১০০টি ঘটনা যে অনাহারে হয়েছে সে বিষয়ে সন্দেহ আছে। কারণ তার তথা দিতে গেলেই তাদের মৃশ্বিকা হয়ে যায়। সেইজনা গালাগালি দেওয়াই তাদের পক্ষে স্বিধা হয়। এইজনা তারা যখন দেখতে পাছেন যে, বর্তমানে খাদ্য বণ্টনের ভাল ব্যবস্থা করা হছে বার ফলে দেশের মধ্যে একটা ভাল,বকম খাদ্য সংস্থানের ব্যবস্থা হছে, তথন গভনমিন্টকৈ আরও গালাগালি দিতে হ'লে তাপন খাদ্যমশ্রীকে গালাগালি দিতে হয়। তাই প্রকৃত সমস্যার দিকে তারা নজর দেন না।

[10-20-10-35 a.m.]

এখন দেখা যাছে, কি করে আমরা দেশের সংকটের অবস্থা দ্র করতে পারব সেদিকে তাঁদের দৃষ্টি নিবন্ধ নর। আমি প্রথমে আশ্ সমস্যার কথাই আলোচনা করব। অবশ্য বে দেটটমেন্ট মন্তিমহাশর দিরেছেন তাতে বলেছেন, এ বছর ৩০ লক্ষ ৫২ হাজ্ঞার ৬০০ টন খাদ্য পাওরা বাবে। এই দেটটমেন্ট ফোরকান্টএর ফিগারএর উপর নির্ভর করে তিনি ঠিক করে একটা কর্মপার্মতি লিপিবন্ধ করেছেন। কিন্তু ফোরকান্ট অনেক সমর আমরা দেখতে পাই বাস্তবের সংগা মিল হয় না। এই ফোরকান্টএ যে ৩০ লক্ষ টন উংপাদনের কথা বলা হরেছে তা খেকে আরও ৪ লক্ষ টন কম পড়ে বাবে। তারপর আউল ধান ও বোরো ধানের সম্বন্ধে বা আশা করেছেন সেটাও ঠিক হবে না। কারপ এ বছর আউল ধান কম হরেছে, আর বোরো ধান কি

हरव ना हरव जारा थरकरे वमा यात्र ना। छाला । हरे भारत, मन्द्र हरे भारत। कारकरे এদিক থেকে বিচার করে যে পরিমাণ সংকট তিনি দেখিয়েছেন প্রকৃত সংকট আরও বেশি হবে বলে মনে হয়। অতএব এখন আমাদের দেখতে হবে কি করে এই সংকট দরে করা যার. তার জন্য কি পন্থা নেওয়া যেতে পারে। ১ম পন্থা হচ্ছে—আমরা এখনি কতকগ্রিল বাকস্থা নিতে পারি। যে ধান, যে গম পাওয়ার্গ বাবে যাতে সেই ধান ও গম সুষ্ঠুভাবে বন্টন হয়, তার আরোজন করতে হবে, এবং আমাদের দেশে প্রতিশিসরাল ও ডিস্মিট্ট কর্ডন অর্ডার প্রবর্তন করতে হবে, এবং একটি সারক্ষাস ও একটি ঘার্টাত জেলা একত্র ধরে কর্ডান করতে হবে। যাতে বড় বড় স্টাকিন্টরা বেশি পরিমাণ ধান আটক না করতে পারে তার জন্য বিশেষ বাবস্থা। করতে হবে। শুধু ধানে কুলোবে না তাতে ঘার্টাত মিটতে পারে না, আমাদের শুধু ধানের উপর নির্ভার না কারে খাদ্য হিসেবে বাইরে থেকে যাতে প্রচর পরিমাণে গম আনতে পারা যায় তার বাবস্থা করতে হবে। সংকটের সময় আমি দেখেছি আমার নিজের জায়গায় ষেখানে গড বংসর একেবারেই ধান হয় নি. সেখানে সকল শ্রেণীর লোকই কেবল চাল ছাড়া কিছু খেতে চাইত না। কিল্ড সেখানে আটা দেবার ফলে তাদের মধ্যে কোন অসন্তোষ দেখি নি বরং **मार्क आ**हे। आमत क'रत निरसंह विवर विकरवना हा'न विकरवना आहे। र्थासह। कास्त्रहे विहे সংকটের সময় আমাদের প্রচুর পরিমাণে আটা আনতে হবে এবং আটা যাতে দেশের মধ্যে বাবহুত হয় তার বাবস্থা ক'রে সমস্যার সমাধান করতে হবে। আর সাবস্টিটিউট ফুডও আমাদের বেশি ব্যবহার করতে হবে এবং আলু, স্বজি, মাছ, ডিম দুধ প্রভৃতি যাতে বেশী ব্যবহাত হয় তার ব্যবস্থা করতে হবে—আমরা জানি গ্রামাণ্ডলে সেটা মোটেই কঠিন কাজ নয়। আমরা সকলেই কেবল গভর্নমেন্ট ব্যবস্থা করছেন না—এই কথা ব'লে থাকি। তা না ক'রে আমরা সকলে যদি দলাদলির কথা ভলে গিয়ে দেশের লোককে এই সংকট থেকে বাঁচাবার জন্য **উৎসাহ দেখাই** তা হ'**লে লোকে**র খাদা সম্বদ্ধে খুব অসুবিধা হবে ব'লে মনে হয় না।

আর একটা কথা, মন্দ্রিমহাশয় যে চার্ট দিয়েছেন তাতে একটা চার্টে একজনের খরচ দিয়েছেন এক টাকা। তাতে শহরের ধনী লোকদের পক্ষে স্বিবধা হ'তে পারে। আর ন্বিতীয় চার্ট যেটা দিয়েছেন তাতে দেখিয়েছেন আট আনা প্রতি জনে খরচ পড়ে। কিন্তু সেই আট আনা গ্রামের সাধারণ শ্রমিকশ্রেণীর লোক দেবে কি করে? শ্রমিকশ্রেণীর এক এক বান্ধি দৈনিক মাত্র এক টাকা আয় করতে পারে। তার নিজের খোরাকিতে যদি আট আনা খরচ করতে হয় এবং তার পরিবারে কমপক্ষে যদি ৪টি লোকও থাকে, তবে বাকি ৩টি লোক খাবে কি? কান্ধেই মন্দ্রিছাশয়কে অন্রোধ করব আরও কম দামে চার্ট দেবার ব্যবস্থা কর্ন, যাতে লোক খেয়ে বাঁচতে পারে।

আর একটা কথা, এই সংকটের সময় যাহাতে সময়মত খাদ্যবস্তু গ্রামের লোকের মধ্যে দেওয়া যায় তার ব্যবস্থা কর্ন। আমাদের দেশের অবস্থা বর্তমানে যেভাবে চলছে সেই অবস্থার সংগে তাল রেখে চলতে হয়। আমাদের এখন শুধু চালের উপর নির্ভর না করে অন্য রকম খাদ্যবস্তু ব্যবহার করে ভালভাবে খাওয়া উচিত যেমন অন্য সব দেশের লোক খায়। আমাদেরও বৈজ্ঞানিক পম্থায় খাওয়া উচিত তা অস্বীকার করি না, কিন্তু তা করবার আমাদের যখন ক্ষমতা নাই, যে ব্যবস্থা আমাদের আছে তার মধ্যে আমরা যতটকে সূত্রিধা পেতে পারি সেইটেই করতে হবে। এই আপনাদের কাছে আমার নিবেদন। কিন্ত সবার আগে আমাদের ভাবতে হবে সমস্যার সমাধান স্থায়িভাবে হবে कि क'तः? वाश्वापितमेत अध्के मृथः थामा-वावञ्थात क्रमा महा। जात मामा कात्र आहा। शिक्तम वाश्मात लाकमश्था विद्यु हत्महा। কিল্ড জমি কিছু বাড়ে নি। বিহার থেকে যে এলেকা যে জমি এসেছে ফসলের দিক দিয়ে তাতে আমাদের কিছু লাভ হয় নি। কারণ সেসব জমি অনুবরি। তার উপর আবার দলে দলে প্রবিধ্য থেকে বহু উদ্বাস্তুরা আসতে আরুভ করেছে। কাজেই পশ্চিম বাংলার সমস্যা চিরকাল রয়েই যাচ্ছে, মিটছে না, পশ্চিম বাংলার এই সমস্যা দূরে হবে কি করে? এ বছরে বে কর্মপর্মতি নেওয়া হবে তা ইওয়া সত্ত্বেও আগামী বছর বখন আসবে তখন দেখব—দেশের সমস্যা দরে হয় নাই। এইভাবে বছরের পর বছর যাতে না কাটাতে হয়, তার জন্য একটা স্থারী ব্যবস্থা করতে হবে। সেই স্থায়ী ব্যবস্থার পন্থা হিসেবে আমি কয়েকটা ব্যবস্থার কথা এখানে বলছি। আমাদের দেশে বাতে ভাবল ক্রপ হয়—অন্তত বেসমুস্ত জমিতে সেচের জল পাওয়া বার, তাতে ভাবল রূপ করার বাবন্থা করতে হবে। তা ছাড়া, কো-অপারেটিন্ড সিপ্টেমএ চাবের বাবন্থা বাতে হয় তার জন্য গ্রামাণ্ডলের লোকদের উৎসাহিত করতে হবে। আর বেসমন্ত জমি টুকরো টুকরো অছে সেইসব জমি একসপো করতে হবে এবং জাপানী প্রথার চাবের বাবন্থা করতে হবে। বেসমন্ত জায়গায় ইরিগেশনএর স্বিধা নাই সেখানে জলনিকাশের বাবন্থা করতে হবে, আর কৃষকরা বাতে ভাল সার ও বীজ পায় তার স্কুচর বাবন্থা করতে হবে।

[At this stage the House was adjourned till 10-35 a.m.]

[After Adjournment]

[10-35—10-45 a.m.]

[When the news of Sj. Amal Kumar Ganguli and Sj. Hara Krishnu Konar were called.]

Mr. Speaker: As the names are called on if the honourable members are not in the House they lose their right to speak.

Will Sj. Hemanta Kumar Ghosal kindly speak? He will kindly remember that his Party Whip has allotted 8 minutes to him.

Sj. Hemanta Kumar Chosal:

মাননীয় স্পীকার মহাশায়, আজকের আলোচনায় আমাদের খাদামন্দী প্রফল্ল সেনের যে বন্ধতা আছে এবং তার উপর সমর্থন করে যেসমসত বন্ধব্রা বললেন, বিশেষ করে আমাদের বন্ধব্ ধাড়া মহাশায় যা বললেন তা হচ্ছে বিরোধী দল খাদ্য মজ্বত করে সেজনাই খাদাসন্কট। পাকিস্থানে ধান-চাল চালান যাছে তা বন্ধ হয় নি সেজনা খাদাসন্কট—আসল কথা—গভনামেন্ট যে পরিকল্পনা নিয়েছে সেগ্লিতে সাহাষ্য করলে সন্কট কমে যাবে—এগ্লিই মোটাম্টি বন্ধবা। এটা ঠিকই যে, খাদা মজ্বত করে বড় বড় জোতদার ও জমিদার—যাদের হাতে জমি আছে এরা ওদেরই বিশিষ্ট বন্ধব্ব খাদের সংগ্য ওদের যতটা যোগাযোগ আছে আমাদের তা নেই। কাজেই মজ্বত করা তাদেরই একচেটিয়া এবং মজ্বত করা ব্যাপার তারাই সমর্থন করেন এ তথাটা পরিবেশন করলেই সভাবের পরিচয় দিতেন।

শ্বিতীয়ত, পাকিস্থানে যে ধান-চাল চলে যায় যা বলেছেন, আমাদের বাসত্ব অভিজ্ঞতা তাতে এদিক থেকে চাল ওদিকে যাছে না বরং এদিকে আসছে এটাই ঘটছে বাসত্বে। কিস্তু চালান যায় যাদের হাতে তাদের সংগো ওদের বংধার বংধ করলে, মিতালি বংধ করলে তারা দেশের মণ্যাল করবেন এবং নিজেদেরও মণ্যাল করবেন।

তৃতীয় হচ্ছে, মাননাঁয় খাদামশ্চীমহাশয় যে তথা পরিবেশন করেছেন সে তথা ঘটনার সংপ্য একেবারে উল্টো। কারণ তিনি বলেছেন ১২ লক্ষ টন খাদাদ্রবার ঘাটতি হবে। একথা সত্য নয়। আমাদের বাসতব যে ধারণা তা হচ্ছে এর চেয়ে অনেক বেশি খাদা ঘাটতি হবে। কারণ আমি নিজে দেখেছি এবং একটা মহকুমার কথা বলতে পারি, বাসরহাট মহকুমার বাাপারে খাদা বিভাগের কর্মচারীয়া যে তথা দিরেছিলেন আমরা ফ্র কমিটি, রিলিফ কমিটির সকলে মিলে আলোচনা করে দেখেছি যে, সে তথা বাসতবের সংপ্য আকাশ-পাতাল তফাং, এগ্রিকাল-চারাল ডিপার্টমেন্টএর বন্ধারা যে তথা দিরেছিলেন তার সপ্যে আকাশ-পাতাল তফাং। যে ইউনিয়নে ২০ পারসেন্ট প্রোভাকসন হবে—সেখানে তাঁরা দিরেছেন ৪০ পারসেন্ট থেকে ৫০ পারসেন্ট প্রোভাকসন হবে। আমরা সেই অগুলে ধান কেটে ঝাড়াই মাড়াই করে যে তথা পেরেছি তা এদের তথা থেকে আকাশ-পাতাল তফাং। বাজেই মনে করি যে, ঘার্টাতর যে তথা তা আরও অনেক বেশি এবং সক্ষট আরও অনেক গভীর। কাজেই আজকে যে মনোভাব গড়েউটছে, এরা বিদ আত্মসন্ট্রির মনোভাব নিয়ে থাকেন তা হ'লে ভবিষতে যে স্টেপ নেওয়া

উচিত তা না নেওরার, শিথিক স্টেপ নেওরার আরও বেশি ঘাটতি হবে। কাজেই বাস্তব যে অবস্থা তাতে আরও বেশি ক'রে নজর রাখা দরকার। সেজন্য এই তথ্য ন্তন ক'রে নেবার প্রয়োজন আছে ব'লে মনে করি।

তারপর বাবস্থা বা হবে দেখছি নীতনি বলেছেন খাদা, তরিতরকারি আরও বাড়াতে হবে।
আমাদের যে বাস্তব অভিজ্ঞতা লোনএর পরিমাণ জেলায় জেলায় যে যে জায়গায় সংকট সেখানে
প্রয়োজনের তুলনায় অনেক কম পরিমাণ দেওয়া হবে। মালদার তথ্য দেখন, ২৪-পরগনার
তথ্য দেখন, মেদিনীপ্রের যে লোন দেখন সংকটের তুলনায়—সংকট স্বীকার করা সত্ত্বে—সেখানে যে লোন দেওয়া হয় তা নিতাস্ত কম। দ্বিতীয় এই লোন এমন সময় দেওয়া হয় যে
তার চাষের সংগ্য কোন সম্বন্ধ নাই। এটা আমরা বহুবার বলেছি, গত বাজেটেও আলোচিত
হয়েছে।

এটা আমরা বহুবার বর্লেছি, বাজেটের সময়েও এটা আলোচনা হয়েছে। সবচেয়ে আশ্চর্যের কথা এই যে, গভনমেনেটর সাক্লারে যে রিলিফ কমিটি হয়েছে সেই রিলিফ কমিটি আছে সেখানে এগ্রিকালচারাল লোনের প্রাইওরিটি লিস্ট তৈরি হবে, টেস্ট রিলিফের প্রাইওরিটি লিস্ট তৈরি হবে, সেখানে আছে গ্রাট্ইটাস ডোলের প্রাইওরিটি লিস্ট তৈরি হবে, পে-মাস্টার যে আপেরেনেটড হবে তার রেকমেন্ডেশন যাবে রিলিফ কমিটি থেকে কিন্তু আমানের যা অভিজ্ঞতা এবং বাংলাদেশের জনসাধারণের যা অভিজ্ঞতা তাতে জানি যে ঐ রিলিফ কমিটির মাধ্যমে এসব কারবার হয় না। রিলিফ কমিটিতে বসলাম, দেখলাম যে, পে-মাস্টার আাপয়েন্টেড হয়ে গেছে, লোন ডিম্মিবিউশন হয়ে গেছে, রিলিফ ডিম্মিবিউশন হয়ে গেছে অথচ সার্কলার আছে রিলিফ কমিটি থেকে লিস্ট তৈরি করে তাদের রেকমেন্ডেশন নেওয়া হবে। তার কারণ এমন লোকের সঞ্গে, ভেতরকার লোকের সঞ্গে এ'দের যোগাযোগ থাকে যাদের সঞ্গে একটা ভাল পার্সে দেউজ কয়া আছে বিতরণের ক্ষেত্রে। যা বিতরণ করেন তার একটা অংশ নিজেদের পকেটে যায়. যার। জিস্ট তৈরি করেন তাদের পকেটে যায়। রিলিফ কমিটির মাধ্যমে যেহেত খানিকটা চেকড্ হতে পারে সেইহেতু এগালি কৌশলে এড়িয়ে যাওয়া হয়েছে। আমাদের যেট্রকু অভিজ্ঞতা আছে তাতে জানি যে এবং আমার আরও বন্ধুরা জানেন, তাঁরা হয়ত এখানে বলবেন না কিল্ড রিলিফ কমিটির মিটিংএ বসে আলোচনা ক'রে আমরা সেই মত প্রকাশ করেছি যে, এই টেম্ট রিলিফে ৩০ পার্সেফ্ট টাকা যদি দেওয়া হয় ত' খবে বেশি দেওয়া হয়, বাকি সমস্ত টাকা অপবায় হয় এবং রিলিফের আটা, চা'ল বা যায় সেগালি প্রকাশো চোরাকারবারে र्विङ रुष्ट्। स्मथात ध्ववाव रकान लाक राहे, थानाय हेनस्वर्यमान मिरल् किट्न हय ना। পে-মাস্টার অ্যাপয়েন্টেড হলেন, চরি করলেন কিন্তু বেহেতু তিনি ও'দের পছন্দমত লোক সেইহেড তিনি রয়ে গেলেন মালটা সীজ হয়ে গেল-পে-মাস্টারের পে-মাস্টারী ঠিকই চলছে। অম্ভূত রাজ্য। যেট্কু জিনিস দেন তার মধ্যেও চুটিবিচুত্তি অসংখ্য। সেজন্য আমার সাজেসসন হচ্ছে যে যদি পপলোর কমিটি না থাকে তা হ'লে কোন কাঞ্চ হবে না-বেট্রু পরিবেশন হয় সেট্রকর সাহায়ে কেনে কাজ হবে না। দ্বিতীয় হচ্ছে, সম্কটকে ভাল ক'রে আাসেস করতে হবে এবং সেইমত প্রস্তৃত হতে হবে। থার্ড পরেন্ট হচ্ছে এগ্রিকালচারাল লোনের পরিমাণ বাড়াতে হবে এবং সপো সপো সেগালি টাইমলি ডিস্ট্রিবিউট করতে হবে এবং ডিস্টিবিউশনের সময় সমস্ত রকমের কোরাপশন বন্ধ করতে হবে। আমার বন্ধ, ধাড়া মহাশর ব'লে গেলেন যে, তিন মাস মাত্র সংকট হবে। আমি জানি না, তিনি যে অঞ্চল থেকে এসেছেন সেখানকার কি অবস্থা। সমস্ত স্কেরবন অগুলে উনি স্বীকার করেছেন ও'রা স্টেটমেন্টে যে সঞ্চট খুব গভীর এবং আমি জানি এমন কতকগুলি ইউনিয়ন আছে, এলাকা আছে বেখানে ২০।৩০।১০ পার্সেন্টের বেশি ধান হবে না। সেখানে শতকরা ৭০ জন লোকের আনএম-भ्नारामणे এवः मोतराज्यमा मृत्य १८व। कारक्षरे तिनिय हान् ताथराज १८व. अधिकानहात्रान লোন দিতে হবে এবং এবছর যারী খাজনা দেয় নি তাদের খাজনা আদার স্থাগিত রাখতে হবে। তা বাদ না করা হর তা হ'লে সংকট থেকে বাঁচবার পথ নেই। কাজেই এবার খেকে উনি বেন সতা তথা পরিবেশন করেন এবং দেশের সামনে প্রকৃত অবস্থাটা পরিবেশন করেন এই কথা আমি বলি।

[10-45-10-55 a.m.]

8j. Rash Behari Pal:

মাননীয় স্পীকার, স্যার, সমগ্র ভারতবর্ষে অনাব্দিটর ফলে খাদ্যাভাব স্থি হয়েছে। আমি **এই সম্পর্কে বিশেষ ক'রে বাংলাদেশে এর ফলে যে অবস্থা দেখা দিয়েছে সে সম্পর্কে কিছ**্ आलाइना कत्त्व। आभारतत्र वाश्वारमर्ग ५२ मक हेन भागमरमात्र अखाव इरव वर्षम भाननीत्र মল্টিমহাশয় জানিয়েছেন। এই খাদাশস্য বাইরে থেকে আনা সম্ভব হবে না। কাজেই এই খাদাশস্যের যে অভাব হবে তা প্রণের জন্য বেশির ভাগ কেন্দ্রীয় সরকারের নিকট যে গম পাওয়া যাবে তার উপর নির্ভার করতে হবে। আমাদের বাংলাদেশে আমরা যে খাদাগ্রহণে অভ্যস্ত তা আমাদের পরিবভিনের চেন্টা করতে হবে। এবং সেই সন্গে সণ্গে পরিপুরেক খাদ্য যাতে উৎপন্ন হয় তার ব্যবস্থা করতে হবে। তারপর যে জেলায় খাদ্যশস্য বেশি হয়েছে অর্থাৎ যে জেলা উদ্বন্ত জেলা ব'লে মনে করেছেন সেই জেলা থেকে অভাবগ্রহত জেলায় চালান দেবার বাবস্থা করা সরকারের কর্তব্য। তারপর, আমরা দেখতে পাই গতবারেও এ জিনিস আমরা দেখেছি—মিল-মালিক ও আড়তদাররা সহসা বেশির ভাগ ধান কিনে নেয়। মেদিনীপরে জেলায় এই ব্যাপার হয়েছে। এর ফলে ধানের দাম বেড়ে যায়। সেজনা আমার বন্তব্য হচ্ছে, ব্যাণ্ক থেকে বেশি ঋণ নিয়ে মিলমালিক বা ব্যবসায়িগণ অধিক পরিমাণে খাদ্য জমা না রাখতে পারে সেদিকে সরকারের দুন্টি দেওয়া উচিত। মডিফায়েড রেশন শপ বা অন্যানা সম্ভা দরের দোকানে যাতে যথাসময়ে ও উপযান্তভাবে খাদ। সরবরাহ করা যায় তার জনা চেন্টা করতে হবে এবং বাবস্থা এখন থেকেই করা উচিত। একটা কথা আমাদের সকলেরই মনে রাখা দরকার। আজকে আমরা যে খাদাস্প্রটের সম্মুখীন হয়েছি এই স্প্রট প্রতিরোধ করবার জন্য এবং আমাদের খাদ্যোৎপাদন বুণ্ণি করার জন্য আমরা সকলে সর্বতোভাবে চেণ্টা না করলে এই সংকট কথনও প্রতিরোধ করা সম্ভব নয় তা আমরা যতই দুভিক্ষে প্রতিরোধ কমিটি করি না কেন। বর্তমানে আমাদের যেসব সেচ পরিকল্পনা হয়েছে তা বাংলাদেশের সমুহত জেলায় হওয়ার সুযোগ নাই। সেজনা আমি বলছি ছোট ছোট সেচ পরিকল্পনা করা দরকার। আমি আমাদের প্রাদেশিক সরকারের নিকট নিবেদন করব যে কেন্দীয় সরকার পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে টাকা বরান্দ করেছেন সেচ পরিকলপনায় তার চেয়ে বেশি। পরিমাণে টাকা বরান্দ করা দরকার। এই পরিকলপনাগুলি সাফলালাভ করলে আমাদের দেশের খাদ্যোৎপাদন বৃণ্ধি পাবে। আমি মেদিনীপরে জেলার কথা জানি। ২ io শত ফিট গভাঁর ক'রে যদি অটো নলক'প করা যায় তা হ'লে অনেক জমিতে জল পাওয়া যেতে পারে। অনেক জায়গায় বাঁধ দিয়েও কাজ হ'তে পারে। সর্বোপরি, আমাদের কুষক যুবকদের শিক্ষাব্যবস্থার জনা বিভিন্ন মহকুমায় কৃষি বিদ্যালয় স্থাপন করা দরকার। আপনারা নানারকম বিদ্যালয় স্থাপন করেন, কিন্তু তা সত্ত্বেও বেকার সংখ্যাই বৃদ্ধি পাচ্ছে। কৃষি বা শিল্প কাজে শিক্ষা দেবার কোন বাবস্থা নাই। তাই আমার মনে হয় উৎসাহী ম্যাট্রিক भाग कता कृषक युवकरणत यान उभय । भिकाबावन्था कता यात्र उत्त उाता भाषनानास कत्र उ

Sj. Amal Kumar Canguli:

মাননীয় প্পাঁকার মহাশার, এই বছর খাদামশ্রীর বিবৃত্তির মধ্যে একটা পার্থকা লক্ষা করছি।
এটা হচ্ছে তিনি বারবার বিশেষ করে গতবার খাদাসমস্যা সমাধানের দিক থেকে যে টনের হিসাব
দিয়েছিলেন এবার সেই টনের হিসাব থেকে সরে এসে ক্যালরিতে হাজির হরেছেন। বাই হোক,
আজকে বাংলাদেশের সামনে দুর্দিন। খাদাপরিম্পিত ভয়াবহ। এ সম্পেতর চাপে তিনি
আজকের দিনে এই ক্যালরির হিসাবে আসতে বাধা হরেছেন। তিনি বারবার চক্তাত করে
বাংলাদেশের সাধারণ মানুষকে বিভ্রানত করার চেন্টা করেছেন ক্যালরির হিসাব দিরে এবং তাতে
আজকের দিনের যা আসল সমস্যা তা অপপন্ট করে দেবার চেন্টা করেছেন। এই সমস্যা সমাধানের
জন্ম তিনি বলেছেন, কিছু কিছু হুইট খেলে এর সমাধান হতে পারে, কিছু কিছু শাকসবজি
খেলে এর সমাধান হ'তে পারে, এই ঘার্টিত খালি আমাদের দেশেই নর, অন্যান্য দেশেও হরেছে,
কাজেই আতান্কিত হবার কারণ নাই। এই প্রসঞ্জো তিনি সোবিরেত রাশিরার কথাও বলেছেন।
ইতিপ্রে কংগ্রেসপক্ষের একজন মাননীর সদস্য বলেছেন, বিরোধীপক্ষের লোকেরা কেবল
স্বোগান দের বে, একজন লোক্তও না খেতে পেরে মরতে দেব না। আমি বলছি, আমাদের
কর্তবা হবে একজন লোক্ত যেন না খেতে পেরে মারাবার সেদিকে লক্ষা রাখা।

[10-55-11-5 a.m.]

আচ্চা, বিচার করা যাক তারা কিভাবে তাদের কর্তবাপালন করছেন। এই সাথে বাংলাদেশের সমুষ্ঠ জেলার হিসাব খ'টিনাটি আমি জানি না—তবে আমি একটি জেলার একটা বিশেষ অংশের থেকে বলতে পারি যে, তাঁরা কিভাবে তাঁদের সেই মহান কর্তব্য সাফল্যের সংগ্যে পালন করছেন। তাঁরা খাদ্য দেবার নাম করে বি জিনিস মডিফারেড রেশনিংএ সমতা দরে চাল দেবার ব্যবস্থা করেছেন, সেই সম্পর্কে তাঁদের কংগ্রেসী কাগজের রিপোটারের বিবৃত্তি ২৮এ সেপ্টেম্বর এবং অক্টোবরে কিছু কিছু কাগজে বেরিয়েছে। তাঁর সেই রিপোর্টে এই কথা বলেছেন যে, মডিফায়েড রেশনিংএ যে চাল আমাদের গ্রামাণ্ডলে ২৩-পরগনার ডায়মন্ডহারবারে reesti हरा. त्मणे वना बार कक्षे शहरात्मत वााभात । शहरात्मत वााभात वन्तत कक्षेत्र वर्ष करत বলা হয়। আমি জানি গত ৪ মাসের হিসাব আমার কাছে আছে তাতে আছে যত লোককে রেশন কার্ড দেওয়া হয়েছে, ঢালাও হতুম দিয়ে দিলেন সেগুলো এ ক্লাস, বি ক্লাস, সি ক্লাস कर्तरा । এতে আমরা মনে করলাম সমসত দঃ । পে লোককে, অভাবী মানুষকে খাদা দেবার কিছু একটা ব্যবস্থা হচ্ছে। কিন্ত আমরা যেখানে হিসেব নিয়ে দেখেছি যে, শতকরা সাতজন যারা রেশন কার্ড হোল্ডার, তাদের এই মডিফায়েড রেশনিংএ ফেয়ার প্রাইস শপ থেকে চা'ল দেবার ব্যবস্থা তার মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। আমাদের কংগ্রেসী মাননীয় সদস্য বলেছেন যে, আমরা দুভিক্ক প্রতিরোধ কমিটি ক'রে লোকে মিছিল ক'রে নিয়ে আসি সরকারী অফিস ও এস ডি ও সে ঘেরাও করার জনা। তার উদ্দেশ্য গ্রামের লোক খাদা পাক, খাদোর সুষ্ঠে, বণ্টন হোক—আমরা তারই চেন্টা করি। এই খাদ্য-বন্টনের মধ্যে যে কিছু রস আছে, সেই রস কিছু আপনাদের কাছে পরিবেশন করতে চাই। এই যে মাত্র শতকরা ৭ জন লোককে চাল দেবার ব্যবস্থা হয়েছে মডিফায়েড রেশনিংএর মাধ্যমে, সেই সামান্য চা'ল ও স্তিট্র যার্য নিডি, ডিজাডি'ং, তাদের कटाइ शिरत टाइम्बर दरा ना। कार्यन जार स्माणे अक्षे अश्य झाक्सारकि हिः दर्श। এই झाक-মাকেটিংএর সংশ্বে সংযাত্ত আছে ডিলার্স, সিভিল সাম্লাই শপ। এই অংশের সঞ্জে যে র্যাক-মাকেটিংএর সম্পর্ক আছে—তার প্রমাণ আমার কাছে আছে। সেই উদাহরণ এখানে উন্ধত করতে গেলে আমার সময় চলে যাবে। তাই আমি সেদিকে যাচ্ছি না।

আমাদের মহকুমা থেকে একটা সংবাদ আপনারা হয়ত সংবাদপতে দেখেছেন। সেখানে আমরা সমদত দুনাীতির বির্দেধ একটা আন্দোলন করবার চেণ্টা করেছিলাম। আমরা চেরেছিলাম, আমাদের নানতম দাবি ছিল এ সম্পর্কে একটা এনকোয়ারি কমিশন বসান হোক সমদত দুনাীতির বিচার করবার জনা। তা আজও করা হয় নাই। আমার কাছে যথেণ্ট তথা আছে সেগ্লিপ্রমাণ করবার জনা। শুধু চাল পাচার হয় তা নয়—রিলিফ হাউস গ্র্যান্ট, এগ্রিকালচারাল লোন ইত্যাদি বিভিন্ন ধরনের সাহায্য করবার জনা যে টাকা দুর্গত মানুষদের জন্য বরান্দ করা হয়, তারও একটা মোটা অংশ থেকে তারা বিশ্বত হয়। যাদের সাহায্য প্রয়েজন নাই, যারা সাহায্য পাবার উপযুক্ত নয়, যাদের রিলিফের অন্তর্ভুক্ত হওয়া উচিত নয়, যাদের ফ্লাডএ কিছুই হয় নাই, ঘরবাড়ি পড়ে নাই, তারাও সাহায্য পায়। যাদের জমি নাই তারাও চাবের জন্য ঋণ পায়, পাঁচশা টাকা যার আয় সেও দুঃস্থদের জন্য দেওয়া শাড়ী পায়। এই রকম চবহু অভিজ্ঞতা আছে। আমরা জানি কিভাবে তারা কতবা সম্পাদন করেন, গ্রামের লোকের সপ্পো লেগে থেকে তারা আসল কাজ করেন আয় আমরা কেবল হাটে-বাজারে কোর্টে-আদালতে মিছিল করে গিয়ে লোককে বিদ্রান্ত করবার চেণ্টা করি—এই খবর তারা বন্ধুদের কাছ থেকে জানতে পারেন।

তা ছাড়া তাঁরা বলেছেন যে, আমরা খাদ্য উৎপাদন করব। এই ব্যাপারে আমাদের ভিন্ত অভিজ্ঞতা আছে। গ্রামের লোক চাল ছাড়া গম খেতে চার না। তব্-ও তারা একবেলা গম খার। সেই একবেলাও তাদের চাল দেবেন না? দ্বেলাই গম খেতে বলবেন—এ কি কথা! তাঁরা উৎপাদন বাড়াবার যে পরিকল্পনা করেছেন, তা তাঁরা বানচাল করবার বাবন্থা করবেন যদি আমাদের পরিকশ্পনা তাঁরা গ্রহণ না করেন। যে বাবন্থার উপর হাওড়া জেলার ৬ মাসের খোরাকি। নির্ভার করে, তাকেও চক্রান্ত করে বন্ধ করবার ব্যবন্থা করা হছে।

Sj. Ananda Copal Mukhopadhyay:

মাননীর সভাপতি মহোদর, খাদ্য পরিম্পিতি নিরে বাংলাদেশের সমস্ত প্রাত্তের প্রতিনিধিরা আজ এখানে আলোচনা করতে বসেছেন এবং এই আলোচনা শ্রের্ বিরোধীপক্ষের সবচেরে দায়িত্বশীল নেতৃস্থানীর প্রীজ্যোতি বস্মহাশর করেছেন। বখন এই আলোচনা চলছে, বাংলাদেশে এ ঘরের বাইরের তখন প্রত্তেকটি জনসাধারণ অধীর আগ্রহে এই আলোচনার কি ফল হয় তা জানবার জনা আগ্রহের সংগা অপেক্ষা করছে। কিন্তু এখানে কি আলোচনা হছে, তা আমরা দেখছি। বিরোধীপক্ষের নেতা খাদ্য পরিম্পিতি সন্বন্ধে আলোচনা করতে গিরে তাঁর সবচেরে সমস্যা সমাধানের যে মূল উপার খ'্জে পেলেন ত হ'ল এই যে, খাদ্যমশ্রী ক্রিমিনাল এবং এই ক্রিমিনাল খাদ্যমশ্রীর দোষে খাদ্যের এই অবস্থা হয়েছে।

Mr. Speaker: Please cut that out. Let us have a proper debate on the subject. Whatever I had to say regarding his remarks, I have said. That is completely closed.

Sj. Ananda Copal Mukhopadhyay:

থ্যাৎক ইউ, সাার, আজকে এই সমস্ত কথা মনে হছেছে যে, খাদ্য পরিস্থিতি বাই হোক দেশের জনসাধারণের যে অবস্থা হয়েছে, আজ সেই অবস্থার স্যোগ নিয়ে বিশিষ্ট দলেরা এই পণ্য উৎপাদন করতে চাচ্ছেন। তাঁরা আলোচনার মাধ্যমে নিছক গালাগালি ছাড়া আজ বদি বিরোধীপক্ষের নেতার কাছ থেকে কোন স্কুপন্ট পরিকল্পনা দেশের সামনে আসতো, তা হ'লে আমি মনে করতাম যে, বিরোধীদলের নেতা যোগা বাজি। আজ সারা বাংলাদেশে খাদোর যে পরিস্থিতি, আজ যে শস্য উৎপল্ল হয়েছে তার একট্ হিসেব করলে দেখব, আমাদের অবতত ১২ লক্ষ টন খাদাশসার ঘাটতি হয়েছে। বিরোধীপক্ষের নেতার মুখ থেকে বদি এমন কোন পরিকল্পনার কথা শ্নতাম বাংলাদেশের আইন সভায় যে, কি ক'রে এই ১২ লক্ষ টন খাদা-শসোর ঘাটতি হয়েছে। বিরোধীপক্ষের কোর গালাগালি দিয়ে বদি তাঁর বন্ধবা শেষ না করতেন তা হ'লে তাঁকৈ অজন্ম ধনাবাদ দিতাম।

আমি সমস্যাকে যেভাবে দেখেছি, আমার ক্ষুদ্র মণ্ডিত্তেক যে সমাধানের পথ ভেবেছি, সেটা এখানে সামান্যভাবে রাখতে চাই। আমি জানি আমার এই সমাধানের পথে সম্পূর্ণ অভাব মিটবে না। তব্ত আমি এদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করব। যেখানে তারা আজ্ঞ সেচ পরিকল্পনা করেছেন এবং পরিকল্পনাগৃলি যেখানে আংশিকভাবে সফল হয়েছে—মর্রাক্ষী, দামোদর ভালি পরিকল্পনায়, বর্ধমান-বীরভূমে যে আগি ৪৬ ইরিগেশন দিচ্ছেন, সেখানে আজ্ঞ দরকার হয়ে পড়েছে এখনই সেই ময়্রাক্ষীর ১ লক্ষ ২০ হাজার একর জমিতে ও দামোদর ভালির ২ লক্ষ একর জমিতে ভাবল জপিং করা হোক। আজ্ঞ দরকার হয় সরকার একটা অভিনাশন কর্ন। বিধান সভার সদসোরা সেখানে গিয়ে পড়্ন। সেখানে শীল্ল ফসল উঠবে। সেখানে আর ধান করা যাবে না। যদি আউশ করা হ'ত, এবে সেখানে আউশের পরে বোরো ক্রিটভেশন করা চলত।

[11-5-11-15 a.m.]

আমি বলব এখনও যে সময় আছে তাতে সেখানে ২।০ রকম ভাল হ'তে পারে, সর্বে হ'তে পারে এবং অন্যানা সিরিলস্ হ'তে পারে। তাই আমি অন্রোধ করব বর্ধমান জেলার ২ লক্ষ একর জমি এখনই আইন ক'রে সেখানে ফসল ফলানোর চেন্টা হোক। আমি যে সামানা হিসাব করেছি তাতে আমি দেখেছি বে, সেখানে এখনও গম চাব করা সম্ভব হর তা হ'লে ১ লক্ষ একর জমিতে গম চাব হ'লে ১৫ লক্ষ মণ গম অমরা সেখানে ফলাতে পারব। আমরা বিদ এক লক্ষ একর জমিতে মাল্টার্ড করি—৭ লক্ষ দি সরবে সেখানে ফলাতে পারব। অবর ২।০ বছর ডাল বিদ ফলান হর তা হ'লেও ও লক্ষ মণ আমরা ফলাতে পারব। অবর ২।০ বছর ডাল বিদ ফলান হর তা হ'লেও ও লক্ষ মণ আমরা কোনে মানার কলাতে পারব। আমরা লেখছি বে, ০৫০ লক্ষ মণ ফসল আমরা সেখান থেকে উংশম করতে পারব। আমি আপনার সামনে যে তথা রাখছি সে তথা হরত নির্ভূল নর।

১৯৫১-৫২ সালে ১০০ কোটি টাকার উপর খাবার আমরা বাইরে থেকে এনেছি। আজ ১৯৫৪-৫৫-৫৬ সালের হিসাব বাদ দেখি তা হ'লে সেখানে দেখব যে, প্রায় ৩৯ কোটি টাকার মতন খাবার আমরা বাইরে থেকে এনেছি। আমি মনে করি বাংলাদেশে ষেখানে আমরা আসিওর্ড ইরিগেশন দিচ্ছি এবং তা ছাড়াও যেসমুহত এরিয়াতে সেচ পরিকল্পনা ছোটখাট কিছু আছে সেইসব জায়গায় যদি আমরা জোর ক'রে কাজ আরম্ভ করি, তা হ'লে বাইরে থেকে খাবার আমাদের আনা অনেক কমে যাবে। এটাকে অগ্রাধিকার দেবরে জন্য বিধান সভার সমুস্ত বৰ্ধনের কাছে আমি অনুরোধ রাখছি। সর্বশেষে আমি শুধু একটা কথা বলে আমার বস্তব্য শেষ করতে চাই। সেটা হচ্ছে আজকে এই খাদ্যসমস্যার সমাধানের কথা ভেবে সমুহত দল নিশ্চয়ই চিশ্তিত। কিশ্ত এই চিশ্তার প্রকাশ আমরা কিভাবে দেখতে পাচ্ছি সেইটাই দেখাই। আজ বিরোধীপক্ষ এই খাদাসমস্যা নিয়ে গ্রামে গ্রামে জনসাধারণের মাঝে একথা ছড়িয়ে দিচ্ছেন যে, খাদ্যের ঘার্টাত আছে—তাঁরা যে প্রতিকারের কথা ভাবছেন সে কি না তাই নিয়ে সভা হবে, সমিতি হবে, মিছিল হবে-এস-ডি-ও, ম্যাজিস্টেটদের বাংলো ঘেরাও হবে, মন্ত্রীদের নামে কুৎসা হবে. কিন্ত এতেই কি সমস্যার সমাধান হয়ে যাবে? যাঁরা কংগ্রেসের তরফ থেকে এখানে আছেন, তাঁদের তরফ থেকে আমি এই কথা বলব যে, কংগ্রেস সদসারা ঘ্রমিয়ে নেই। কয়েকদিন আগে যখন ধান শাকিয়ে মরে যাচ্ছিল—আমি যে অঞ্চলে বাস করি এবং তার সঞ্জে পরিচিত তথন আমি সেখানে কোন বিরোধী বন্ধাদেরই দেখি নি যাতে পাম্প দিয়ে জল দেওয়া যায় বা কোন পরিকম্পনা নেওয়া যায়—সেই রকম কোন কাজে সাহায্য করতে। আমি আপনার সামনে এই তথা রাথছি—কারণ আমি জানি—তার প্রতিবাদ করার কোন ক্ষমতা তাদের নেই। উপরক্ত তাঁরা কি করেছেন সে সন্বন্ধে আমি ২৪-পর্গনার হেমন্তবাব্যকে বলব যে, পার্টির জন্য ধান তোলা যদি তারা বন্ধ করেন, তা হ'লেও কিছুটা ধান চাষীর ঘরে থাকবে। আমার এই তথ্যের প্রতিবাদ করবার ক্ষমতা তাদের নেই। সর্বশেষে আমি এই কথা বলব যে, আজকে বাংলাদেশের আইন সভা এখন একটা সূচিণ্ডিত মতামত দিন, যাতে আমরা সকলে একমত হয়ে কেন্দীয় সরকারকে ব**লতে পারি যে. ১২ লক্ষ** টন ঘাটতি যা আমাদের আছে. তা তাদের দিতে হবে। তার যাভি **হচ্ছে এই যে**, কলকাতা ও শিল্পাঞ্চলকে খাওয়াবার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। উদ্বাহত ভাইরা যারা এসেছেন তারা শুধু পশ্চিমবংগর নন। আজ তাদের জনা যে ঘার্টতি, তাও কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। আজ কলকাতা ও শিল্পাঞ্চলকে কর্ডন করে বিভিন্ন জেলায় যে শস্য এখন আছে তার সূত্র, বণ্টনবাবস্থা করলে আমার মনে হয়—এই সমস্যার থানিকটা সমাধান আমরা করতে পারব। এবং যেট্রক জোর দিয়ে কেন্দ্রীয় সরকারকে বলা যায়, সেইট্রক জোর নিয়ে আমরা সবাই মিলে কেন্দ্রীয় সরকারকে বলব যে, এই আমাদের দাবী এবং এটা তাদের পরেণ করতেই হবে।

8j. Hemanta Kumar Chosal: On a point of personal explanation, Sir, আমার বন্ধ্ আনন্দগোপাল বাব্ বলেছেন যে, হেমন্তবাব্ র্যাদ তাঁর পার্টির জন্য ধান তোলা বন্ধ করেন তা হ'লে সক্টটা কিছ্ কমবে। আমি মনে করি, তাঁর এই কথাটা সম্পূর্ণ মিথ্যা। আনন্দবাব্র সপে বড় বড় জোতদারদের বথরা থাকতে পারে কিন্তু কমিউনিস্ট পার্টি জনসাধারণের পার্টি। স্ত্তরাং জনসাধারণের কাছ থেকে বরাবরই সাহায্য নেয় এবং বরাবর তা নেবে। জোতদারদের সঞ্চো দার্লাল কমিউনিস্ট পার্টি করে না।

81. Hare Krishna Konar:

মাননীয় স্পীকার মহাশন্ত্র, এর আগে আমাকে একবার আপনি ডেকেছিলেন, সেই সময় আমি বাইরে ছিলাম ব'লে অত্যত্ত দৃহিণত। মাননীয় স্পীকার মহাশার, আজকে বাংলাদেশ যথন একটা চরম বিপর্যারের মূখে এসে দাঁড়িরেছে, যেরকম বিপর্যারের মূখে সাম্প্রতিককালে বাংলাদেশ এ পর্যাত্ত আর পতিত হয় নি, সেই সময় বাংলাদেশের সরকার আইনসভার তা নিয়ে বেশি আলোচনা করতে দিতে প্রস্তুত নয়। এত বড় একটা বিপর্যার যেটাকে বলা যেতে পারে, ফার্স্ট রেট ক্লাইসিস, সেইরকম জাতীর বিপর্যারের মুখে সরকারের উচিত ছিল আইনসভার বিশেষ অধিবেশন ডাকা এবং তাদের কর্তব্য ছিল, দরকার মত বেশি দিনের জন্য এই আইনসভা চালান। কিসের জন্য এই আইনসভা ? মানুষের জন্যই ত এই আইনসভা! জনসাধারণের সবীনন্দ

3

সমস্যার আলোচনা ও সমাধানের প্রচেণ্টা হচ্ছে আইনসভার উদ্দেশ্য ও তার সাথকিতা। কিন্ত মান্তবের এই চরম বিপদ ও সংকটের ভিতরও আইনসভা ডাকা হয় নি। শুখু তাই নয়, যখন এখানে আলোচনা করার স্থোগ দিলেন তাও মাত্র একদিনে ৪ ঘণ্টার বেশি সময় দেওয়া সম্ভব হ'ল না। আমি মনে করি খাদাসংকটের মধ্য দিয়েই সরকারের মনোভাবের বিশেষ প্রকাশ পাওরা যাচ্ছে। মাননীয় খাদামন্ত্রী মহাশয় যে বিবৃতি আমাদের কাছে দিয়েছেন তাতে বোঝা যায় যে, বাংলাদেশের খাদাসংকট একটা স্থায়ী সমস্যা। গত বংসর ও তার অংগের বংসর থেকে এই সংকট ক্রমশ বেড়ে এখন তাঁবতর হয়ে উঠেছে। এই বংসর খাদাসংকটে কত লোক মারা গেল তার সংখ্যা যাই হোক না কেন, এই সঙকটে লক্ষ্ণ লক্ষ্ণ মান্য দুর্গতির ও দুরবস্থার চরম পর্যায়ে নেমে গিয়েছে, অসংখ্য মানুষ কম দামে, আধা দামে, সিকি দামে তাদের জমি বিক্রয় করতে বাধা হয়েছে, যা মন্দ্রিমহাশয় নিজেই স্বীকার করতে বাধা হয়েছেন। ঠিক এই সময় মন্দ্রিমহাশয় নিজেই আরও স্বীকার করেছেন যে, এবারে ১২ লক্ষ টন খাদোর ঘাটতি হবে। গত বংসর মন্ত্রিমহাশয়ের স্বীকৃত তিন লক্ষ টন ঘার্টতির জন্য বাংলাদেশকে একটা গভীর সংকটের মধ্যে পড়তে হরেছে যার ফলে কিছু মানুষ মরেছে, অনেকে জমি বিক্তি করতে বাধ্য হয়েছে। এই অবস্থায় আজকের এই ১২ লক্ষ টন ঘার্টতি বাংলাদেশকে কোথায় নিয়ে যাবে? এই রকম অবস্থায়ও মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন অত্যন্ত আত্মন্ডরিতার সংশ্যে, তাঁর মনগড়া নানা তথা ও বিশেষজ্ঞাদের মত তিনি ঘোষণা করেছেন যে, খাদা উৎপাদন যথেণ্ট করা হয়েছে, গত ১০ বংসরে বহু লক্ষ টন খাদা উৎপাদন বাডিয়েছেন, অঢেল রিলিফ দিয়েছেন যার তলনা হয় না এবং সংখ্য সংখ্য বলেছেন, এবারে যে ঘাটত তা প্রেণ করার জনা প্রোকিওরমেন্টএ বিশেষ কিছ্ হবে না। বিপলে উৎপাদন বৃষ্ধি, অথচ বিরাট ঘাটতি ব'লে তিনি কির্প উल्টाপान्টो कथा वर्रल रक्नलन এইটাই लक्का कतवात विषया। তা ছাড়া এই বংসর যে oo **जक** টন খাদ্য তার হিসাবে উৎপন্ন হয়েছে সেই ফসল যাবে কোথায়? বাংলাদেশের কুষকের কাছ থেকে এখন যে ফসল বিক্রি হয়ে যাচ্ছে তা আবার পরে তাদেরই স্বার্থে বাবহুত হবে কিনা সে প্রশন তিনি এডিয়ে গিয়েছেন। শ্বিতীয়ত, সামনের বংসরে বাংলাদেশের ঘাটতি পরেণ করে এখানের মান্ত্রকে খাওয়াবার দায়িত্ব কেন্দ্রীয় সরকার নেবেন কিনা, তাও প্রশ্ন। গভন মেন্টের वर्ष वर्ष वञ्चला मार्वेश আজকে এই घरेना পরিष्कात হয়ে গেল যে, वाश्मापिटम विदार थामामञ्करे স্থিতি হয়েছে এবং উৎপাদন ব্যাপারে সরকারী নীতি বার্থ হয়েছে।

[11-15-11-25 a.m.]

আজ বাসতবে প্রমাণিত হয়েছে যে, মজ্বুলদারিকে যদি কেউ শক্তিশালী করে থাকেন ওবে সে তারাই করেছেন এবং সেইজনা আজ এই অবস্থার জন্য সরকারকেই দায়িছ নিতে হবে। আজ স্চুতুরভাবে নানারকম তথা দিয়ে এটা এজাবার জন্য সরকার চেন্টা করছেন। মাননীয় স্পীকার মহাশয়! আমি অন্য কথায় যাব না, আমি শুযু বর্তমানে এই কথা উল্লেখ করতে চাই যে, আজ কংগ্রেস বেপ্তের সদস্যরাও সত্য বলে স্বীকার করেছেন যে, খাদ্যসন্কটে কিছুলোক মরেছে। মন্তিমহাশারও স্বীকার করেছেন যে, অনেক লোকে জমি বিক্লি করতে বাধা হরেছে। শুযু নদিয়া জেলার নর, নদিয়া জেলা ছাড়াও অনা জেলার লোকেও অর্থেক দামে বা हু দামে জমি বিক্লি করতে বাধা হচ্ছে এবং লাখ লাখ মানুষ যথেণ্ট দুস্থতায় নেমে গিরেছে। ন্তন ধান কাটার আগে বা কেটে ঘরে ভোলার আগেই অনেক চাষীকে অত্যুক্ত কম দরে দাদনের টাকা নিতে হরেছে। এমন অবস্থার ১২ লাখ টন ঘাটতি! এর ফল কি হছেছ? কলিকাতার চা'লের দর চড়ছে, আর গ্রামে খানের দর কমের দিকে। বারা কিনবে তাদের চা'লের দর বাড়ছে, আর বারা বিক্লি করবে তাদের ধানের দর কমার দিকে। বারা কিনবে তাদের চাবারা টাকা পাবে সেখানে তাদের বেলা হরে বাছে দাম কম। এতে ন্তন সংকটের স্কুনা দেখতে, পাছিছ। এই যে ঘাটতি তা ১২ লাখ টন হবে, কি ১৪ লাখ টন হবে, কি ১০ লাখ টন হবে তা বলা কঠিন। কিন্তু ঘাটতি বিশেষ রকম হবেই তাতে সন্দেহ নাই।

[At this stage the blue light was lit.]

আমার স্যার, ক' মিনিট সময়? আমার ত' ১৩ মিনিট।

Mr. Speaker:

৮ মিনিট সময়।

8j. Hare Krishna Konar:

না, স্যার! আমার ৮ মিনিট সময় নয়, আমার ১৩ মিনিট সময়।

এবার শাখা বা অনাব্যাণ্ট হয়েছে নিশ্চয়। কিল্তু শাখা সত্ত্বেও অনেক ধান বাঁচান ষেত র্থাদ সরকার সেজন্য একটা চেষ্টা করতেন। গ্রাম থেকে লোক 'রাইটার্সা বিলিডং'এ এসেছে— আমরাও তাদের সপ্গে এসেছি এই কথা বলবার জন্য যে, জলসেচের জন্য পাম্প সাম্লাই কর্ন। কিন্তু কোন পাম্প সাম্পাই তারা ত করেন নি, বরং উপহাসের ভাগ্গতে বলেছেন, আমাদের পাম্প নাই। উদাহরণম্বরূপ, বর্ধমানের চাষীকে প্রথমে পাম্প দেন নি। তারপরে বলেছেন যে, ২৪-পরগনা থেকে একটা নিয়ে দিতে পারি যদি দু' হাজার টাকায় চাষীরা ওটা কিনতে পারে। মাননীয় কৃষিমন্তিমহাশয় জানেন, তিনি বলেছিলেন আমাদের কাছে পাম্প নাই। তিনি আরও বলেছিলেন যে, ১৯৬৫ সালে তিনি সরকারকে বলেছিলেন যে, এক কোটি টাক। পাম্প সাম্পাই করবার জন্য দিন। তা'দেওয়া হয় নি। মাননীয় স্পীকার মহাশর! এখন প্রথম কথা এই যে, যে ১২ লাখ টন ঘার্টতি হবে তা বাহির থেকে আমদানি করতে হবে। এ বিষয়ে সরকার তাঁদের দায়িত্ব এডাতে পারেন না। কিন্ত সংগ্রে সংশ্রে প্রন্ন হচ্ছে, নতন ধান কাটা শুরু হয়েছে। একথা আপনি জানেন যে, বাড়িতে খোরাকী না হওয়া সত্ত্তে কুষকদের অনেকেই তা সত্ত্বেও এই সময়ে ধান বিক্রি করতে বাধ্য হয়। এদের বড় অংশ গরিব চাষী ও সাধারণ চাষী। তারা ধান বিক্লি করতে বাধ্য হয় পৌষ মাস থেকে চৈত্র মাস পর্যন্ত। এই বিক্রীত ধান যাবে কোথায়? যদি এ ধান সরকারের কাছে না আসে, যা তাঁরা সংশোধিত রেশনের দোকানে বিক্রি করতে পারেন—তা হ'লে তা শেষ পর্যন্ত বড় বড় মহাজনের হাতে. মজ্রতদারের হাতে, মুনাফাথোরের হাতে এবং ফাটকাবাজারে য'বে। অতএব সঞ্কট ঠেকান ঘাবে কি ক'রে? তা হ'লে প্রথম কথা এই ষে, ১২ লাখ টন আমদানী কর্ন, তাতে সংকট কিছা ঠেকান যাবে। তা ছাড়া আভান্তরীণ সংগ্রহ কর্ন। আর দিন পনের পরে ধান বিক্রি শ্বেরু হবে। তাই এখনই প্রতি গঞ্জে কেনবার জন্য সরকারী কেন্দ্র খুলতে হবে। বাজারে কেনবার জনা সর্বানিম্ন ও সর্বোচ্চ দর বাধ্যন। বাজারে যে দর হবে এই দুই দরের মধ্যে সেই দরে কিনুন। আমি ব্যক্তিগত ব্যবসায় বন্ধ করতে বলছি না। বাজার দর নির্ধারিত সর্ব-নিদ্দ দরে যদি নেমে যায় সেই দরে কিন্দ। স্বানিদ্দ দরের চেয়ে যাতে কমে না যায় তার জন্য গভর্মেন্ট এই কাজ কর্ম। দ্বিতীয়ত, সর্বোচ্চ দরের বেশি যাতে দর চড়ে না যায় সেজনা দর চড়ে গেলে যারা বড় বড় জমির মালিক জোতদার-জমিদার তাদের ধান 'সীজ' করনে. এবং বেশি দর হ'লে বড় বড় মহাজন ও মিলমালিকের ধান-চাল 'সীজ্ঞ' কর্ন। এভাবে সংগ্রহ করলে সরকারী পটক কত লাখ টন হবে তা বলা মুশকিল, কিম্তু পর্যাণত পটক গভর্নমেন্টকে टेर्नात कराए रात । जा ना कराम ভবিষাতে হবে कि? भूर्य वर्ष वर्ष कथा वमा रात, त्निकान प्रस्तुता इत्व किन्छ 'সाम्लाई' अत त्वला प्रभा यात श्रामात्र माल त्नई। काष्क्रई शर्जन-কেন্টকে কিনতে হবে এবং বিভিন্ন জায়গায় 'দটক' রাখতে হবে। এ কাজ যদি গভন'মেন্ট তাগামী ১ মাস ২ মাসের মধ্যে না করেন তা হ'লে বলতে হবে যে, এই আগামী সংকট স্থিতির জন্য তারাই দারী এবং তারাই মজ্তদার, ম্নাফাখোর হোডারিদের সাহাষ্য করছেন। আমি हानि शुक्रवात माननीत मन्त्री अक्टू इंग्लिस राजन महागत वस्त २ नाथ मण गांन वस वस गिकासताना মজ্বতদারের মাল রেলওয়ে ইয়ার্ডে পড়েছিল সেই চালগ্বলো 'সীজ' করলেন না ; তার অনেক পরে স্বিধা স্থোগ দিরে লোকদেখানো নামমাত 'সীঞ্জ' করে দেখালেন বে, তাঁর কত বাহাদ্রী। কিন্তু চাল বিশেষ মিলল না। যখন চেতলার তলাসী হর তখন রামকুকপুর সাদু যার, আরু যখন রামকুক্ত্রের তল্লাসী চলে, তখন চেতলা বাদ বার। তাই বলছি আলকে क्षान-जान किनात वायम्था ना शाल वनार्क शत दर, जिनि रशाजीत एनतरे तका कराइन।

তার পরের প্রশন ব্যাপ্কের বে দাদন মহাজন এবং বড় বড় মালিকদের দেওয়া হর তা কম্ম করতে হবে। সেই টাকা আপনারাই ব্যবহার কর্ন। আপনারা সকলে জানেন গ্রামাঞ্জের অনেকে চাল কিনতে পারে না, সপো সপো এও জানেন বে, প্রচলিত ধান-বারি কম্ম হরে বাছে। জামার প্রশন, গভনম্মিট কেন বাড়ি ধান দেবেন না? বেশি করে কেন তাঁরা ধান দেবেন না?
ভারপর একথাও বলব বে, রেশনের যে বাবন্থা রয়েছে নিয়্মিত সাক্ষাই দিরে তাও চালিরে
বেতে হবে। এই যদি চালান যায় তা হ'লে হোডারিরা ব্রববে যে এখানে আর ধানচাল্ল
আটকে বেশি ম্নাফা করা যবে না। আর তা না করলে বাংলাদেশকে এই হোডারিদের হাতে
কুলে দেওরা হবে এবং আবার দ্ভিক্ষ মন্টাদের ন্বারাই সৃদ্ট হবে। আপনারা উপরে একটা
লোক-দেখান সর্বদলীয় খাদা উপদেদটা কমিটি করেছেন, বটে, কিন্তু সেই কমিটি নিজের দলোর
লোক দিয়ে ভার্রা করে রেখেছেন। দ্ই-একটি বিরোধীপক্ষের লোক রেখেছেন বটে, তাও
আবার কমিটির রিটিংও ডাকেন না। এখানেই বোঝা যায় আপনাদের মনোভাব কি। আমি
আপনাদের সতর্ক করে দিই যে, ইতিহাস আপনাদের এই অবহেলার জন্য কমা করবে না।
আজকে সংখ্যার জারে যা কিছ্ করতে পারেন, পরিহাস করতে পারেন বাংলার তিন কোটি
মানুবের ভাগা নিয়ে। কিন্তু বাংলার মানুষ তা মেনে নেবে না, মৃত্যুার সম্মুখনি হয়েও তারা
লিখিয়ে বাবে। তারা সংগ্রাম করবে। কমিউনিস্ট পার্টি বাংলার ক্ষমককে সংগঠিত করবে;
তারা বার বার র্যালি করে যাবে, দরকার হ'লে মাল্যমণ্ডলীর কাছেও যাবে, এবং বেমন অতীতে
করেছে ভবিষাতেও সেইরকম করবে। ইতিহাস আপনাদের ক্ষমা করবে না।

Sj. Shyamapada Bhattacharjee:

মাননীয় দপীকার মহাশয়, এ সম্বধ্যে নানা তরফ থেকে নানা বিবৃতি বেরিয়েছে। এই সম্পত্ত বিবৃতি জনসাধারণকে থানিকটা বিদ্রান্ত করেছে এংং তাদের মনে তাসেব সঞ্চার করেছে। আমাব মনে হয় বিবৃতি বদি কম হয় তা হ'লে ভাল হয়। বিবৃতির চেয়ে এখন আমাদের কাজের সময় এসেছে। বিবৃতি না দিয়ে কাজে অ'বম্ভ প্রলে লোকের মনে একট্ আশার দশ্যের হবে।

আমার নৃত্ন কিছ্ বলবর নাই, এক দল আর এক দলকে গালাগাল দিলে এ সমস্যার সমাধান হবে না, সমস্যার সমাধান কি ক'রে হয় সে বিষয়ে বিশেষভাবে এবং গভীরভাবে চিন্তা করতে হবে। আমার বৃদ্ধি যতটুকু তাতে মনে হয়, বিরোধী দলের বন্ধারা বলেছেন, আমরাও বলছি, ব জার থেকে সব চা'ল রয় ক'রে গভনমেন্টের মজ্ত করা প্রয়োজন। লেভি প্রথায় নয়। লেভি প্রথা বন্ধ ক'রে ওপ্ন মারেন্টিএ যদি এই জিনিস করা যায় তা হ'লে ভাল হয় এবং সেই চা'ল যেস্মুস্ত স্থানে কেনা হবে সেই সমুহত ধানের সেন্টারে মজ্ত করবার এবং বিলি করবার বাবস্থা করলে সম্ভা হবে এবং স্কুট্ভাবে বন্টনের স্ব্বিধা হবে।

তারপরে আমরা দেখছি যে ঘাটতি আছে, ঘাটতি হবে, কতটা ঘাটতি হবে ১২ লক্ষ টন কৈ ১৪ লক্ষ টন তা এখন ঠিক বিচার ক'রে দেখা মূশকিল। যাই হোক, মতটা পরিমাণেই বার্টতি হোক, সেই পরিমাণ ঘাটতি যাতে সেণ্টাল গভনমেণ্ট থেকে সাংলাই হয় সেই ব্যবস্থা ফরতে হবে। তারপরে দেখতে হবে কি ক'রে ভবিষাতে খাদা উৎপাদন বাড়ানো যেতে পারে। আমার মনে হয় কতকগ্রিল ভিনিস আছে—

[11-25-11-35 a.m.]

যাই ছোক, যে পরিমাণ ঘাটাত হয় সেই পরিমাণ ঘাটাত সেণ্টার থেকে যাতে সাংল ই হর সেই চেন্টা করতে হবে। এবং সমসত ঘাটাত সেই সমসত সেন্টারএ সেন্টারএ বিজি ক'রে দিছে। বে বাতে সেখান থেকে বন্টন করা বার।

ভারপর দেখতে হবে ভবিষতে কি উপারে খাদ্য বাড়ান বেতে পারে। আমারা মনে হর চতকগ্লি জিনিস আছে বাতে এই খাটীত ভবিষতে হরত অনেকটা মেক আপ করা বেতে গারে। আজকে দেখছি এক একটা জোন তৈরি হরেছে। লেই জোলঞার রূপ্যে অনেকটা পালমাল আছে মনে হয়। নিদয়ার সপো মুশিদাবাদ এই দুটো খাটীত অপ্যাকে একসপো গার দেওরা হরেছে, এটার কি অর্থ আমি বৃদ্ধি না। নিদরা মুশিদাবাদের সপো বাঁদ একটা দুটি অঞ্চল না ক্ডে দেওরা হর তা হ'লে নিদরা-মুশিদাবাদের কোল সমস্যার সরাধান হবে গা। এরকসভাবে প্রত্যেক ঘাটীত অঞ্চলের সপো করি বাড়িতি ভঞ্চল ক্রেড়া কেওবা হয় তা হ'লে প্রমস্যার সমাধান হবে। অর এই সমস্ত অঞ্চল ষেসমস্ত জোন হবে সেইসমস্ত জোনএ একটা শ্রিষ্ট কর্ডনিং হওরা দরকার. না করলে মূশকিল হবে, বীরভূমের ধান-চাল পাচার হরে বিহারের ভিতর চলে যায় সেটা বন্ধ করতে হবে। কারণ বিহারে খ্রু ঘাটতি আছে, এ অবস্থার এখন বাংলাদেশের চাল যাতে বিহারে এখন না যায় সেদিক থেকে বিশেষ লক্ষ্য রাখতে হবে।

তারপর এখানে এবার দেখছি হৈ, যেরকম অবস্থা টেস্ট রিলিফ ওয়ার্ক'এর কাজ আরম্ভ করা আরু বেশিদিন অপেক্ষা করা চলবে না. এখনই টেস্ট রিলিফ ওয়ার্ক'এর কাজ আরম্ভ করতে ক্রবে। এবং টেম্ট রিলিফ ওয়ার্ক এমনভাবে করতে হবে যেসমুহত টেম্ট রিলিফ ওয়ার্ক ভবিষয়তে আমাদের ফসল ফলানোর কাজে লাগে। আমার মনে হয় স্মল ইরিগেশন এবং লার্জার ইরিগেশনএর কাজে বেশির ভাগ লোক যাতে নিযুক্ত হয় তা হ'লেই ভাল হয়। এ বিষয়ে আয়েকে একটা কাগজে বিবৃতি দেখলাম, তাতে দেখছি বে, ক্যানাল এরিয়ায় ময়ুরাক্ষী বা मार्गामत काानाम अतियात ১ मक वा ১३ मक विचा कार्रशात উপর দ: फनमा करवार প্রচেণ্টা হচ্ছে, এটা খুব ভাল প্রচেন্টা। যদি এটা সফল হয় তা হলে জানব যে, সমস্যার থানিকটা সমাধান হবে। আমার মনে হয় ষেসব জায়গায় দৃষ্টসলা জমি আছে সেই সমস্ত জায়গায় ইন্টেন্সিভ কাল্টিভেশন করার চেণ্টা করা উচিত। এতে আরও বেশি সফল পাওয়া যাবে। সেই সমস্ত জায়গায় উপ্যক্ত সময়ে বীজ ও সার যাতে সরবরাহ হয় তা করতে হবে। এবং তাতে সেই সব জায়গায় ফসলও কিছু বাড়বে। উপস্থিত সমস্যার সমাশন হিসাবে অনেক জায়গায় ফেয়ার প্রাইস সপ খোলা হয়েছে এটা ঠিক যে, অনেক জায়গায় হয়েছে, কিল্ড এতে মিট্রে না আরও বেশি ফেয়ার প্রাইস শপ খুলতে হবে। এবং যাতে সময়মত জিনিস যায় এবং দেখান থেকে ঠিক স্মুঠ্যভূতে বংটন কৰা হয় ভার জনা ব্যবস্থা রাখতে হলে এবং সেদিকে যাতে কোন গোলহাল না হয় তার লক্ষা রাখতে হবে।

তারপর দেখাত হবে আমাদের কওগ্লি ভারগায় সামাহত আছে, সেই সামাহত সমস্যা অম্বাকার করলে চলবে না যে, সেখান থেকে মল পাচাব হর, সেখানে পাকিংথানে যদি এউট্কু দর চড়ে যায় তখন এখান থেকে মল ওপাবে চলে যায়। এই সামাহত প্রায় দ্'শ' মাইল আমাদের বাংলাদেশে আছে, এক ম্মাদিবাদেই সামাহত আছে ৫০ মাইল, তা ছাড়া নদিবায়ও আছে এবং অন্যানা জেলায়ও আছে। যেসব পাচারকারী দল আছে তাদের মধ্যে অনেক ধনী ও প্রতিপত্তিশালী বান্ধি আছে তাদের উপর কড়া নজর রাখা প্রয়োজন এবং মাল যাতে পাচার না হয় সেদিকে লক্ষ্য রাখা দরকার। এইসব বাবহুথা যদি করা যায়, তা হ'লে খানিকটা ক্ষমায়র সমাধান হবে।

আমাদের পরিসংখ্যানে দেখা যায় যে, ফসল এত হবে, তত হবে, কিন্তু আমার মনে হচ্ছে মধন দাম বাড়ছে এবং তার সংশা মিলছে না তখন নিশ্চয়ই তার মধ্যে গলদ থেকে যাছে। কাজেই একটা ভাল করে পরীক্ষা করে দেখা দরকার যে, সেটা ঠিক হচ্ছে কি না হচ্ছে এবং তা যদি করা হয় তা হ'লে আমরা আমাদের নিজেদের অবস্থাটা অনেকটা উপলম্পি করতে পারব। তা ছাড়া আমি আর একটা সাজেসসন দিছি—সেটা হচ্ছে যুদ্ধের সময় অন্যানা দেশে দেখা গেছে যে, এই সমস্যার সমাধানের জন্য একটা পার্মানেন্ট ল্যান্ড আমীর মত জিনিস্ অন্তত যুদ্ধকালীন সময়ে ছিল যারা সব সময়ে যেখানে অভাব ঘটেছে, সেখানে জমি চাষ হছ্ছে না সেই সব জায়গায় গিয়ে নিজেরা জমি চাষ করে দিয়েছে। যারা জমিহীন কৃষক আছে তাবা ভাগীদার হ'তে পারে বা অন্যান্য ক্ষেত্রমজ্বর হতে পারে, ত'দের নিয়ে এইরকম একটা ল্যান্ড আমী তৈরি করে যদি কাজ করানো যায় তা হ'লে মনে হয় ২ লক্ষ্ক আশাজ লাক্ষ আমরা পেতে পারি, তারা সেইসব জায়গায় কাজ করতে পারে। এই কতকগ্বলি সাজেসশন কিলাম আশা করি মন্দ্রমহাশার এগ্রেলি গ্রহণ করবেন।

Sita. Manikuntala Sen:

وفي به

মাননীর স্পীকার মহাশার, আমি বলতে চাই যে, তব্ও ভাল বে শেব মৃহ্তে হ'লেও বাদ্যমন্ত্রী বাংলাদেশের খাদ্যসংকট স্বীকার করেছেন। গত অধিবেশন পর্যস্তও একটানা তরি মৃখ খেকে শ্নে এসেছি কোন সংকট নেই, কোন বিপদের আশংকা নেই, বধেণ্ট খাদ্য আমাদের হাতে আছে, বধেণ্ট খাদ্য দেওরা হচ্ছে, সস্তার খাদ্য দেওরা হচ্ছে। এইভাবে তিনি ক্রমাগত

াম দের ব'লে এসেছেন। সাইকলিজক্যাল ফেরার কমপেল্পের আশম্কার তিনি মান্তের কাছে ৰতা কথাকে গোপন করে এসেছেন-একথা আজ অমাদের সামনে তিনি প্রকাশ করেছেন। আমি জানি না তিনি বাংলাদেশের মান্যকৈ বোকা না খোকা ভেবেছেন, বে মানুষের সংমনে **এই** थामा भीतिर्र्भाटरक महीकरस ताथवात रुग्णे करताहरू। वाश्मारमरण सान्य ना रंपरत मिथरह হে খাদ্য পরিস্থিতি কি. পচা চাল রেশনের দেকানে যা পায় তা খে**রে শিখছে খাদ্যের অবস্থা** কি। তারা একথা প্রকাশ করবার অপেক্ষা রাখে নি যে, খাদা পরিস্থিতি বাংলাদেশে কি প্রযায়ে এসে ঠেকেছে। কিন্তু আজ একথা স্বীকার করলেও আমাদের স্বচেরে বড আল্ডকা হচ্ছে যে, মানুষকে স্তোক দেওয়া ষাদের স্বভাবে দাঁড়িয়ে গেছে, মানুষকৈ স্তোক দেওয়া যার সাধারণ নীতিতে পরিণত হয়েছে, শেষ প্যণিত কাইসিসের সামনে এসে তিনি মানুষকে শেতাক দেওয়া ছাড়া এর অন্য কিছু করবেন কিনা। তার কারণ আমরা অদুরে অতীতে দেখেছি গত কয়েকম স ধরে যখন কলকাতায় মডিফায়েড রেশনিং আদায় করা হ'ল তখন কংগ্রেসপত্ম থেকে একের পর এক উঠে দাড়িরে বলেছেন যে, বিরোধীপক্ষ খালি মিটিং মিছিল করে, কিল্ড এ ছাড়া উপায় ত'নেই সারে। মিটিং মিছিল না ক'রে মডিফারেড রেশনিং আদার করা যাহ নি, মিটিং মিছিল না ক'রে রিলিফ আদার করা যার নি। কলকাতার মডিফারেড রেশনিং ্যেট্রক দিলেন এবং দেবার নাম ক'রে স্তোক দিলেন সেট্রকু এই আইনসভার ভেতর এবং বাইবে গ্লাবাজি না ক'বে, মিটিং মিছিল ঘেরাও ন' ক'রে ও আদার করা যায় নি। সাতরাং ্র ছাতা আৰু উপয় কি - এই বাবে গাও অইনসভাগ উনি বিশ্তি দিলেন যে মডিফায়েড ব্রশ্নিং কলক হাস দেওয়া হলে। এই নিয়ে কিভাবে ভিলেয়িং টাকেটিস করলেন সেটা আপনার ক্ষাল্লের অর্লার ব্রুছি। জুলাই লাসে বলা গ'ল দেওয়া ইবে, এরপের বঙ্গিওবাসীকে দেওয়া হবে, ন্না সমস্ত কলকাত্রবাসীকে দেওয়া হবে। এই নিয়ে বিছাদিন চলে গেল। তারপর ঠিক হ'ল সকলকে दिन्छर १८८१ अन्। आदिसन १८४, अन्। आदिसन १८७ १८७ **। स्ट**प्टेन्टर आस शर्याण हानिएक ্দিলের। বেশে হয় আশা ছিল সেপ্টেম্বর-মক্টোবর মাস যদি চালাতে পারেন তারপর ন্তন চাল উচ্চ হাতে তথ্য আৰু দেওয়াৰ দৰকাৰ হবে না। স্ত্ৰাং এই রক্ম টালবাহানা ক'রে দেকান-্গতিল খেলা হচ্ছে নাঃ ধ্রমাগত শ্নেতে পাই রেশনিং হবে হবে। মানুষ এসে জিজ্ঞাসা করে ্_{কল বেশ্নিং হচ্ছে না। এইভাবে প্রায় সেপ্টেম্বর মাস প্যশিত কাটিয়ে দিলেন। ভারেপর} দেকান থোলা হ'ল।

[11-35--11-45 a.m.]

চাল যদি আসে ত'গম আসে নাঃ নিয়ম হ'ল চাল নিলে গম নিতে হবে, তা না হ'লে চাল দেওয়া হবে না। তাও আবার আন্দেলন ক'রে ঠেকাতে হ'ল। শেষ পর্যত ঠিক হ'ল চা'ল দেওয়া হবে। কিন্তু গম আছে দোকানে চা'ল নেই-আবার কখনও চা'ল আছে গম নেই। চাল তো পারো দেওয়া হবে না--দুই সের চাল দেওয়া হবে--গম যদি না থাকে তা হ'লে গম না নেবে তবে চাল প্রেটা দেওয়া হবে না। এই ক'রে টালবাহানা ক'রে শেষ প্র্যুক্ত দেখা গেল এক মাস এই ক'রে অগট ইন্টারভাগেস কখন চা'ল পাওয়া যায় না. গম পাওয়া যায়, গাম পাওয়া যায় চাল পাওয়া যায় না। এই করে করে শেষ পর্যন্ত এক মাস পরে দেখা গোল আরু সাড়ে সাত আনা চাল নেই। সে চাল কি কোয়ালিটির ছিল আমি নাই তুললাম সে প্রশন। সেই চাল করে বন্ধ হয়ে গেছে। তার জারগায় যদি কেউ সাড়ে নয় আনার চাল রেশনএ নিতে চায় সেটাই নিতে পারে, তা ছাড়া অন্য কোন চা'ল নেই। এইরক্মভাবে স্তে:क দেবার অর্থটা কি? মডিফায়েড রেশনিং দোকান খোলবার নাম ক'রে এবং সাড়ে সাত আনার চা'ল দেবার নাম ক'রে একমাস এই ধাপ্পাবাজি ক'রে শেব পর্যাত আবার সেই রেখন দোকান रश्रं आर्फ नह जानाह मान्यक हान निष्ठ वाधा कहान-अमेरक প्रजातना हाए। कि जात किह् वना यात्र ? वनात्नहे इ'ट भीत्रम्कात्र, भिएक भारत ना, b'न न्नहे--वनात्नहे इ'क भीत्रम्कात्र, भूम আমাদের হাতে নেই চাল আমাদের হাতে নেই, দিতে পারব না, দোকান খুলতে পারব না। কেন এই রকম ভাডামি করা হয়, কেন এই ভাগ করা হয় মান্বের সামনে? সেইজন্য আরেকবার পরিক্ষার ক'রে বলনে খাদামল্টী বে, ভবিষ্যতে বদি আবার এই প্রভারণার পথ এ'রা আশ্রর করেন-এই প্রতারণার পর্ন্ধতি নিরে বদি চলতে চেন্টা করেন তা হ'লে কোন সমস্যার সমাধান হবে না। তা হ'লে কোন উপায় তিনি করতে পারবেন না।

